দৈনিক ইত্তেফাক

তারিখ 30 DEC 1995

পৃষ্ঠা 1 কলাম 5

113

## আজ ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ আজ শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ১৯৯৬ সালের কার্যকরী পরিষদের নির্বাচন। বিশ্ববিদ্যালয় ক্লাবে সকাল ১০টা

(১১শ পৃ: ৩-এর ক: দ্র:)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃ: পর)

হইতে অপরাহ্ন ২টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত হইবে। এক বছর মেয়াদের ২০ জন শিক্ষক কর্মকর্তা নির্বাচনের জন্য সহস্রাধিক শিক্ষক-শিক্ষিকা তাঁহাদের ভোটাধিকার প্রয়োগ করিবেন। নির্বাচনে আওয়ামী লীগ ও বামফ্রন্ট সমর্থিত 'নীল' এবং বিএনপি ও আংশিক জামায়াত সমর্থিত 'সাদা' প্যানেল হইতে শিক্ষকরা প্রতিদ্বন্দ্বিতা করিতেছেন। নিরপেক্ষ বলিয়া দাবীদার শিক্ষকদের 'গোলাপী' এবং জামায়াতের অপর "সাদা" প্যানেল নির্বাচনে অংশগ্রহণ হইতে বিরত রহিয়াছে।

এদিকে 'নীল' ও 'সাদা' দলের শিক্ষকরা সর্বরকম প্রচার-প্রচারণা সম্পন্ন করিয়াছেন। ভোট প্রার্থনার জন্য উভয় দলের শিক্ষকরা শিক্ষক-শিক্ষিকাদের বাসাবাড়ী পর্যন্ত গিয়াছেন। দুই প্যানেলের আদর্শ, উদ্দেশ্য এবং অঙ্গীকার সম্বলিত লিফলেট ছাপাইয়া ভোটারদের হাতে তুলিয়া দেওয়া হইয়াছে। অদ্যকার নির্বাচনে 'নীল' ও 'সাদা' প্যানেলের মধ্যে তীব্র প্রতিদ্বন্দ্বিতা হওয়ার সম্ভাবনা রহিয়াছে। ১৯৯৫ সালের নির্বাচনে 'নীল' প্যানেল সভাপতি ও সাধারণ-সম্পাদকসহ ৯টি পদে এবং 'সাদা' প্যানেল ৪টি পদে এবং 'গোলাপী' প্যানেল ১টি পদে জয়লাভ করে। জানা গিয়াছে, আজ সকাল পর্যন্ত শিক্ষকরা সমিতির সদস্য হইয়া ভোট প্রদান করিতে পারিবেন।